

## ফতওয়ানং ২৬৩

### প্রশ্ন:

জনাব মুফতি সাহেবের নিকট আমার বিনীত প্রশ্ন যে, জলসার ইশতিহায়ে বক্তাদের ফটো ছাপানো জায়েজ আছে কি না? দয়া করে দলিল সহ জানালে উপকার হবে।

### উত্তর:

প্রাণীর ফটো বানানো ইসলামে কঠোর ভাবে নিষিদ্ধ। অতএব ইশতেহায়ে বক্তাদের ফটো ছাপানো জাইয নয়। [ইমদাদুল আহকাম ৪/৩৭২]

নবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেন: [কিয়ামাতের দিন] মানুষের মধ্যে সব থেকে কঠিন শাস্তি হবে তাদের, যারা ছবি তৈরি করে। [সহিহ বুখারী, হাদিস নং ৫৯৫০]

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
১২ শাবান, ১৪৪৫ হিজরী (23/02/2024)